দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 JUN 2017 পৃষ্ঠা ২৭ কলাম ৬

# হার্ডকো স্কুলে অতিরিক্ত ফি আদায়, বিক্ষোভ অভিভাবকদের

■ ইত্তেফাক রিপোর্ট

হাইকোর্টের রায়ের পরেও শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টিউশন ফি আদায়ের প্রতিবাদে বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত হার্ডকো ইন্টারন্যাশনাল স্কুল ক্যাম্পাসে বিক্ষোভ করেছেন অভিভাবকরা। গতকাল রবিবার এই বিক্ষোভ প্রদর্শনের এক পর্যায়ে স্কুল কর্তৃপক্ষ ঘোষণা দেন যে আগামী ৫ জুলাই পর্যন্ত যাবতীয় ভর্তি কার্যক্রম বন্ধ থাকবে। এই সময়ের ভেতরে অভিভাবক প্রতিনিধিদের সাথে বসে ফি পুনর্মূল্যায়ন করবে কর্তৃপক্ষ।

অভিভাবকরা জানান, হাইকোর্ট ইংলিশ মিডিয়াম স্কুলে পুনঃভর্তি ফি/ডেভেলপমেন্ট ফি অবৈধ ঘোষণা করার পরেও স্কুল কর্তৃপক্ষ এগুলো টিউশন ফি এর সাথে যোগ করে। এতে শিক্ষার্থীদের বেতন শতকরা ৫৮ ভাগ বৃদ্ধি পায়।

এই অতিরিক্ত ফি আদায়ের অভিযোগে বিক্ষোভ করেন অভিভাবকরা। পরে অভিভাবকদের সঙ্গে আলোচনায় মিলিত হন স্কুল কর্তৃপক্ষ। এ সময় স্কুলের পক্ষে প্রিন্সিপাল জিন্নাত আলী, ম্যানেজিং ডিরেক্টর এস এম মফিজুর রহমান, বোর্ড অব ডিরেক্টর জাহিদুল আলম এবং অভিভাবকদের পক্ষে হার্ডকো পেরেন্টস ফোরামের সংগঠক ইকবাল হোসেন, ডা. অসীম কুমার সেন গুপ্ত, এডভোকেট রফিকুল ইসলাম সোহেল, পারভীন আক্তার প্রমুখ বক্তব্য রাখেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর